সংবাদ

28 MAY 2003

পৃষ্ঠা ১১ কলাম ৪

প্রাথমিক স্কুলে চুক্তিবিরোধী নিয়োগ স্থগিতের দাবি

# রাঙামাটিতে বিক্ষোভ-সমাবেশ প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি

পার্বত্য অঞ্চল প্রতিনিধি ঃ তিন পার্বত্য জেলা পরিষদ কর্তৃক প্রাথমিক বিদ্যালয়-গুলোতে শিক্ষক পদে আইন ও চুক্তিবিরোধী নিয়োগ প্রক্রিয়া স্থগিত এবং আইন ও চুক্তি মোতাবেক সংশোধনপূর্বক পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি প্রদানের দাবিতে মঙ্গলবার রাঙামাটি জেলা বাসিন্দাগণের পক্ষ থেকে বিক্ষোভ সমাবেশ সহকারে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর বরাবরে স্মারকলিপি পাঠিয়েছে।

পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির জেলা শাখার উদ্যোগে আয়োজিত ও রাঙামাটি জেলা অধিবাসীগণের পক্ষে ১৪ জন ব্যক্তির স্বাক্ষরিত স্মারকলিপিতে বলা হয়, পার্বত্য চট্টগ্রাম শাসনবিধি, পার্বত্য জেলা পরিষদ (সংশোধিত) আইন ১৯৯৮ এবং পার্বত্য আঞ্চলিক পরিষদ আইন ১৯৯৮সহ অন্য কোন আইনে পার্বত্য জেলাগুলোর জেলা প্রশাসনকে স্থায়ী বাসিন্দার সনদপত্র প্রদান করার ক্ষমতা দেয়া হয়নি। বরং তিন পার্বত্য জেলা পরিষদ (সংশোধিত) আইন ১৯৯৮-এ সংশ্লিষ্ট মৌজার হেডম্যান বা ইউপি চেয়ারম্যান বা সংশ্লিষ্ট পৌরসভা চেয়ারম্যান

স্মারকলিপি ঃ পৃঃ ২ কঃ ৬

## স্মারকলিপি ঃ রাঙামাটিতে

(১২ পৃষ্ঠার পর)

কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটের ভিত্তিতে স্থায়ী বাসিন্দার সনদপত্র সংশ্লিষ্ট সার্কেল চিফ প্রদান করবেন বলে সুস্পষ্ট উল্লেখ রয়েছে। তাই আইনের এই ধারাকে লঙ্ঘন করে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মূলে পরিষদ কর্তৃক শিক্ষক নিয়োগের যে পরীক্ষা নেয়া হচ্ছে তা পরিষদ আইন ও পার্বত্য চট্টগ্রাম চুক্তির সম্পূর্ণ পরিপন্থী।

স্মারকলিপিতে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র সংবলিত সকল আবেদনপত্র অবিলম্বে বাতিলসহ সকল পরীক্ষা বাতিল এবং পার্বত্য জেলা পরিষদ আইন ও পার্বত্য চুক্তি মোতাবেক নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধনপূর্বক পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করার জোর দাবি জানানো হয়েছে।

সকাল সাড়ে ১১টার দিকে রাঙামাটি জেলা শাখার জনসংহতি সমিতির কার্যালয় থেকে প্রায় ৭/৮ শ নারী-পুরুষের একটি মিছিল শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বনরূপ পেট্রোল পাম্প চত্বরে ঘুরে এসে জেলা প্রশাসন কার্যালয় চত্বর পর্যন্ত এসে এক বিক্ষোভ সমাবেশের আয়োজন করে। এ সমাবেশে সভাপতিত্ব করেন পিসিজেএসএস-এর জেলা শাখার সভাপতি গুণেন্দু বিকাশ চাকমা। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের অন্যতম সদস্য ও পিসিজেএসএস-এর কেন্দ্রীয় সিনিয়র নেতা উষাতন তালুকদার, জেলা শাখার সাধারণ সম্পাদক পলাশ খীসা, পিসিপির কেন্দ্রীয় কমিটির সভাপতি উজ্জ্বল চাকমা ও ছাত্র ইউনিয়নের জেলা শাখার নেতা এম. জিসান বুখতিয়ার প্রমুখ। এ সমাবেশ চলাকালীন পিসিজেএসএস-এর নেতা নীলচন্দ্র চাকমার নেতৃত্বে একটি দল জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেন।